প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭

**স্মারক নম্বর:** ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০২.২৩.১৭৩২

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানের ২৭,০০০ ছাত্র-ছাত্রীর পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা প্রদান।**

সূত্র: ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে গত ২৭/০৯/২০২৩ তারিখে স্বাক্ষরিত চুক্তি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) এর মাধ্যমে সারাদেশের প্রতিটি সংসদীয় আসনে ১টি করে মোট ৩০০টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল স্কুল অব ফিউচার” স্থাপন করা হয়েছে। প্রতিটি শেখ রাসেল স্কুল অব ফিউচারে ৬টি ডিজিটাল স্মার্ট বোর্ড, ৫টি ডিজিটাল হাজিরা মেশিন, ১টি ওয়াইফাই রাউটার, ৪টি ডেস্কটপ কম্পিউটার, প্রয়োজনীয় সংখ্যক ডিজিটাল আইডি কার্ড এবং ৩২টি মডিউল সমৃদ্ধ স্কুল অব ফিউচার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার সরবরাহ করা হয়েছে।

০২। শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিটি প্রতিষ্ঠান থেকে (৬ষ্ঠ-১০ম) শ্রেণীর ৯০ জন ছাত্রছাত্রী নিয়ে মোট ২৭,০০০ ছাত্রছাত্রীকে পাইথন প্রোগ্রামিং বিষয়ে ১৫ দিন ব্যাপী (প্রতিদিন ৩ ঘন্টা করে) প্রশিক্ষণ প্রদান করা হবে। নির্বাচিত ৩টি ভেন্ডর প্রতিষ্ঠানের মাধ্যমে প্রতি ব্যাচে ১৫ জন হিসেবে ৬টি ব্যাচে উক্ত প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ কার্যক্রমটি জেলা ও উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণ সার্বিক তদারকী ও সমন্বয় করবেন। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৮/১০/২০২৩ তারিখ প্রশিক্ষণ কার্যক্রমটি উদ্বোধনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত প্রশিক্ষণ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজনঃ

ক) নির্ধারিত সফটওয়্যারের (soms.gov.bd) মাধ্যমে ১০/১০/২৩ তারিখের মধ্যে উপযুক্ত ৯০ জন প্রশিক্ষণার্থী ছাত্র-ছাত্রী নির্বাচন সম্পন্ন করতে হবে।
খ) ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক প্রতি প্রতিষ্ঠান থেকে প্রতি ব্যাচে ১৫ জন হিসেবে ৬টি ব্যাচ তৈরীর কাজে সহযোগিতা প্রদান করতে হবে।
গ) শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।
ঘ) প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থী ছাত্র-ছাত্রীদের যথাসময়ে উপস্থিতি ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
ঙ) ল্যাবের ল্যাপটপ, এলইডি টিভি, মাল্টিমিডিয়া, রাউটার ও অন্যান্য সামগ্রী প্রয়োজনীয় মেরামত ও সম্পূর্ণ ব্যবহার উপযোগী করতে হবে।
চ) ল্যাবে সার্বক্ষণিক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করতে হবে।
ছ) ল্যাবে ইন্টারনেট সংযোগ সার্বক্ষণিক সচল, মানসম্মত ও নিরবিচ্ছিন্ন রাখতে হবে।
জ) ল্যাব নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
ঝ) প্রশিক্ষণ চলাকালীন প্রয়োজনীয় সাপোর্ট প্রদান করতে হবে।
ঞ) ল্যাবসহ প্রতিষ্ঠানের নিরাপত্তা জোরদার করতে হবে।
ট) প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন/ সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
ঠ) প্রতি ব্যাচ প্রশিক্ষণ শেষে জেলা ও উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/সমপর্যায়ের কর্মকর্তা এবং ভেন্যুর প্রতিষ্ঠান প্রধান এর যৌথ স্বাক্ষরে প্রত্যয়ন প্রদান করতে হবে।
ড) প্রতিষ্ঠানের গভর্ণিং বডি/ ম্যানেজিং কমিটি/ পরিচালনা কমিটির সভায় প্রশিক্ষণের বিষয়টি নিয়মিত আলোচনা করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।
ঢ) জেলা ও উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার ও ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক চাহিত অন্য যে কোন সহযোগিতা প্রদান করতে হবে।

০৩। এমতাবস্থায়, প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে আয়োজন ও সম্পন্ন করার নিমিত্ত বর্ণিত সকল বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৯-১০-২০২৩
এস এ এম রফিকুন্নবী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০২-৫৫০০৬৮২৬ (ফোন)
০২-৫৫০০৬৮২৬ (ফ্যাক্স)
pdsrdl@doict.gov.bd

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক................................................................................ কলেজ/ বিদ্যালয় ............................।

**স্মারক নম্বর:**

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা;
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৩। বিভাগীয় কমিশনার (সকল);
৪। জেলা প্রশাসক (সকল);
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭। সচিবের একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।;
৮। উপ প্রকল্প পরিচালক (সাধারন) (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়);
৯। উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিভাগীয় কার্যালয় (সকল);
১০। জেলা শিক্ষা অফিসার (সকল)। (আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
১১। প্রোগ্রামার সকল , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
১২। সকল উপজেলা নির্বাহী অফিসার;
১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)। (আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
১৪। সহকারী প্রোগ্রামার (সকল), ........................উপজেলা কার্যালয়, আইসিটি অধিদপ্তর, ........................।;
১৫। টিম লিডার, পরামর্শক প্রতিষ্ঠান, ডিডিসি এন্ড এমসিসি, মহাখালী,ঢাকা (প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন, তদারকী এবং প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ);
১৬। জনাব রাসেল টি আহমেদ, প্রোপ্রাইটার, টিম ক্রিয়েটিভ বাংলাদেশ, গুলশান-বাড্ডা সংযোগ সড়ক, ঢাকা (শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও সরবরাহকৃত সফটওয়্যার সম্পূর্ণ ব্যবহার উপযোগী রাখার অনুরোধসহ) এবং
১৭। জনাব নাফিস আহমেদ, ম্যানেজার, এক্সপ্রেস সিস্টেম লিঃ, শ্যামলী, ঢাকা (শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও সরবরাহকৃত আইটি সামগ্রী সম্পূর্ণ ব্যবহার উপযোগী রাখার অনুরোধসহ)।

০৯-১০-২০২৩
মির্জা মুরাদ হাসান বেগ
উপ প্রকল্প পরিচালক (সাধারন) (অতিরিক্ত দায়িত্ব)